

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 30 April, 2025

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, যুদ্ধের প্রস্তুতি রাখতে হবে সব সময়, প্রস্তুতি না নিয়ে রাখা আত্মঘাতী।

বুধবার (৩০ এপ্রিল) ঢাকায় বিমান বাহিনীর বার্ষিক মহড়া অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষার জন্য যুগোপযোগী বিমান বাহিনীর গড়ে তুলতে সরকারের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলেও জানান প্রধান উপদেষ্টা।

ড. মুহাম্মদ ইউনূস বলেন, আমি যুদ্ধ পছন্দ করি না। পৃথিবীতে যুদ্ধ হোক আমি পছন্দ করি না। কিন্তু এমন বিশ্বে বাস করি যেখানে প্রতিনিয়ত যুদ্ধের হুমকি আমাদের ঘিরে রাখে। সেখানে প্রস্তুতি না নিয়ে থাকা এটা অসম্ভব হয়ে পড়েছে। সুতরাং যুদ্ধের প্রস্তুতি নিতে হবে। প্রস্তুতির সর্বোচ্চটুকু নিতে হবে।

তিনি আরও বলেন, আমাদের পাশে ভারত-পাকিস্তান সেখানে যুদ্ধাবস্থা বিরাজমান। কাজেই এ পরিস্থিতির মধ্যে প্রস্তুতি না নেয়াটা আত্মঘাতী। যুদ্ধে আধাপ্রস্তুতির সুযোগ নাই, এখানে জয়ই একমাত্র সমাধান।

এ সময় প্রধান উপদেষ্টা বলেন, বিশ্বের সাথে তাল মিলিয়ে চলছে বিমান বাহিনী। সার্বভৌমত্ব রক্ষায় তৎপর থাকতে হবে। দেশীয় প্রযুক্তি ব্যবহার করে আত্মনির্ভরতার প্রমাণ দিয়েছে বিমান বাহিনী। অত্যাধুনিক প্রযুক্তির জন্য সরকার সহযোগিতা করছে বাহিনীটিকে। পেশাগত কারিগরি সক্ষমতা বজায় রাখতে হবে।

দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষার জন্য যুগোপযোগী বিমান বাহিনী গড়ে তুলতে সরকারের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

অর্থনীতি দুর্বল অবস্থায় আছে উল্লেখ করে তিনি বলেন, বিগত সরকারের কারণে লুট হয়ে গেছে অর্থনীতি। এ পরিস্থিতিতে সামগ্রিকভাবে প্রস্তুত থাকতে হবে। এতে আমাদের সাহস বাড়ে। এতে ছেলে-মেয়েরাও সাহস পাবে।

মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা অন্তর্বর্তী সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:11

URL: <https://timestodaybd.com/bangladesh/7626621644>